গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
সমন্বয়-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moysports.gov.bd

২১ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ
তারিখ: ০৫ সেপ্টেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

**স্মারক নম্বর:** ৩৪.০০.০০০০.০৪৯.১৬.০০৪.২৪.২০৮

**বিষয়: অভিযোগ প্রতিকার ব্যবস্থার (Grievance Redress System-GRS) আগস্ট/২০২৪ মাসের প্রতিবেদন প্রেরণ।**

সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগের পত্র নম্বর: ০৪.০০.০০০০.৮১১.২৭.০৩৫.১৫.১৪৮, তারিখ: ৩০/১১/২০১৫

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এবং এ মন্ত্রণালয়াধীন দপ্তর/সংস্থাসমূহের অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত আগস্ট/২০২৪ মাসের প্রতিবেদন নির্দেশক্রমে এসাথে প্রেরণ করা হলো।

সংযুক্তি: ০৩(তিন) পৃষ্ঠা।

০৫-০৯-২০২৪
সেলিনা আক্তার
সহকারী সচিব
csmoys66@gmail.com

মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।

**দৃষ্টি আকর্ষণ:**
উপসচিব, অভিযোগ ব্যবস্থাপনা অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ।

২১ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ
তারিখ: ০৫ সেপ্টেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

**স্মারক নম্বর:** ৩৪.০০.০০০০.০৪৯.১৬.০০৪.২৪.২০৮/১(৩)

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সচিবের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), সচিবের দপ্তর, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়;
২। সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এবং
৩। ব্যক্তিগত কর্মকর্তা, সমন্বয় ও আইন অনুবিভাগ, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।

০৫-০৯-২০২৪
সেলিনা আক্তার
সহকারী সচিব

**সকল সংযুক্তিসমূহ:**

# যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

## অভিযোগ প্রতিকার ব্যবস্থা মাসিক প্রতিবেদন

### মাসের নাম: আগস্ট/২০২৪

| মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থার নাম | বর্তমান মাসে প্রাপ্ত অভিযোগের সংখ্যা | | মোট (১+২) | বিবেচ্য মাসে নিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা | নিষ্পত্তিকৃত অভিযোগের সংক্ষিপ্ত বিবরণ | অনিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | পত্র/দরখাস্ত যোগে | অনলাইনে | | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | - | ০৭ | ০৭ | ০৭ | আগস্ট/২০২৪ তারিখে অনলাইনে/অফলাইনে প্রাপ্ত ০৭টি অভিযোগ এ মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট না হওয়ায় অন্য দপ্তরে প্রেরণ করা হয়েছে। | - | - |
| যুব উন্নয়ন অধিদপ্তর | - | ০৩ | ০৩ | ০৩ | ০১। অভিযোগকারী: জনাব মোঃ আবু মুসা, মোবাইল: ০১৭৭৪-৫৩৬৩৯৩, ভাতার টাকা কম দেওয়া সংক্রান্ত অভিযোগ করেন। সংশ্লিষ্ট অভিযোগকারী জনাব মোঃ আবু মুসা, মোবাইল: ০১৯৭৪-৫৩৬৩৯৩১ তিনি নওগাঁ জেলার বাসিন্দা। গত ১৫/০৭/২০২৪খ্রি. তারিখে তিনি একটি অভিযোগ দাখিল করেন। অভিযোগের প্রেক্ষিতে নওগাঁ জেলা কার্যালয়ের উপপরিচালক এর সাথে টেলিফোনযোগে কথা হয়েছে। তিনি জানান যে, ইলেকট্রনিক্স ট্রেডের প্রশিক্ষণার্থীদের হাজিরা গণনা করে যাতায়াত ভাতা প্রদান করা হয়েছে। কাজেই ভাতা কম দেওয়ার অভিযোগটি সঠিক নয়। এ প্রেক্ষিতে অভিযোগকারী জনাব মোঃ আবু মুসা এর সাথে ফোনযোগে কথা হয় । তিনি জানান অভিযোগটি ভুলবশতঃ না বুঝে দাখিল করেছেন।<br><br>০২। অভিযোগকারী: জনাব মোঃ আবু মুসা, মোবাইল: ০১৭৭৪-৫৩৬৩৯৩, ভাতার টাকা সঠিকভাবে না বুঝিয়ে দেওয়া সংক্রান্ত অভিযোগ করেন। সংশ্লিষ্ট অভিযোগকারী জনাব মোঃ আবু মুসা, মোবাইল: ০১৭৭৪-৫৩৬৩৯৩। তিনি নওগাঁ জেলার বাসিন্দা। গত ১৫/০৭/২০২৪খ্রি. তারিখে তিনি একটি অভিযোগ দাখিল করেন। অভিযোগের প্রেক্ষিতে নওগাঁ জেলা কার্যালয়ের উপপরিচালক এর সাথে টেলিফোনযোগে কথা হয়েছে। তিনি জানান যে, ইলেকট্রনিক্স ট্রেডের প্রশিক্ষণার্থীদের হাজিরা গণনা করে যাতায়াত ভাতা প্রদান করা হয়। কাজেই ভাতা কম দেওয়ার অভিযোগটি সঠিক নয়। এ প্রেক্ষিতে অভিযোগকারী জনাব মোঃ আবু মুসা এর সাথে ফোনযোগে কথা হয়। তিনি জানান অভিযোগটি ভুলবশতঃ না বুঝে দাখিল করেছেন। পরবর্তীতে তিনি ০১/০৮/২০২৪ খ্রি. তারিখে অভিযোগটি লিখিভাবে প্রত্যাহার করেছেন।<br><br>০৩। অভিযোগকারী: জনাব মোঃ আরমান মিয়া, মোবাইল: ০১৬১১-০০১৬৫৩, ঋণ প্রদান করা নিয়ে হয়রানির শিকার সংক্রান্ত অভিযোগ করেন। সংশ্লিষ্ট অভিযোগকারী জনাব মোঃ আরমান মিয়া, মোবাইল: ০১৬১১-০০১৬৫৩। তিনি কিশোরগঞ্জ জেলার সদর উপজেলার একজন স্থায়ী বাসিন্দা। তিনি সদর | -<br><br>- | -<br>- |

| মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থার নাম | বর্তমান মাসে প্রাপ্ত অভিযোগের সংখ্যা | | মোট (১+২) | বিবেচ্য মাসে নিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা | নিষ্পত্তিকৃত অভিযোগের সংক্ষিপ্ত বিবরণ | অনিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা | |
|---|---|---|---|---|---|---|---|
| | পত্র/দরখাস্ত যোগে | অনলাইনে | | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| | | | | | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয় থেকে ১ম দফায় ৬০,০০০/- টাকা যুব ঋণ গ্রহণ করে দ্বিতীয় দফায় ৮০,০০০/- টাকা ঋণের জন্য আবেদন করলে সংশ্লিষ্ট কার্যালয় থেকে ঋণ প্রদান না করার অভিযোগ দাখিল করেছেন। এ বিষয়ে উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জনাব নজরুল ইসলাম মিয়া'র সাথে অদ্য ২৯/০৮/২০২৪ খ্রি. ফোনযোগে কথা হলো। তিনি জানান ১ম দফায় ৬০,০০০/- টাকা ঋণ গ্রহণকারী যুব ঋণী জনাব মোঃ আরমান মিয়া ঋণের মাসিক কিস্তি পরিশোধের ক্ষেত্রে ব্যর্থতার পরিচয় দিয়েছেন। যুব ঋণ নির্দেশিকার ১০.০৪.০৭ অনুচ্ছেদে নির্দেশনা রয়েছে "সর্বোচ্চ তিনটির বেশি কিস্তি ও ঋণ খেলাপী কোন সদস্যকে পুণরায়/নতুনভাবে কোন অবস্থাতেই ঋণ প্রদান করা যাবে না।" উক্ত নির্দেশনা অনুযায়ী জনাব মোঃ আরমান মিয়া ঋণ পরিশোধের ক্ষেত্রে ১০ বারের অধিক কিস্তি খেলাপী হয়েছেন। কাজেই তিনি ২য় দফায় যুব ঋণ পাবেন না। এ বিষয়ে জনাব মোঃ আরমান মিয়ার সাথে অদ্য মোবাইল ফোনে যোগাযোগ করা হলে তিনি জানান, কিস্তি খেলাপীর বিষয়টি সংশ্লিষ্ট উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয় থেকে বুঝিয়ে দিলে তিনি বিভ্রান্ত হতেন না। এক্ষেত্রে সংশ্লিষ্ট উপজেলার সহকারী উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা হয়রানি করেছে মর্মে অভিযোগ করেন। হয়রানির বিষয়ে উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার নিকট ফোনযোগে জানতে চাওয়া হলে তিনি জানান, হয়রানির অভিযোগটি সঠিক নয়। | | |
| জাতীয় ক্রীড়া পরিষদ | - | - | - | - | - | - | কোনে অভিযোগ থাকায় শ প্রতিবেদ প্রেরণ ক হলো। |
| বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান | - | - | - | - | ০১। মোঃ শামীম মিয়া তার ছোট ভাই মোঃ সোহানুর রহমান প্রশিক্ষণার্থী নম্বর: ফ-৬১৩-কে অপ্রত্যাশিতভাবে বহিস্কার এবং শিক্ষা সনদ আটক রাখার বিষয়ে গত ৩১/০৭/২০২৪ তারিখে অনলাইনে একটি অভিযোগ দাখিল করেন। অভিযোগ প্রাপ্তির পর গত ২১/০৮/২০২৪ তারিখে তার সাথে মোবাইল ফোনে আলোচনা করা হয়। জবাবে তিনি ২৫/০৮/২০২৪ তারিখ রবিবার শুনানী দেওয়ার বিষয়ে ইচ্ছা পোষণ করেন। তদনুযায়ী গত ২৫/০৮/২০২৪ তারিখ সকাল<br>১১.০০ ঘটিকায় তিনি বিকেএসপি'তে (জিরানী, সাভার, ঢাকা) আসেন এবং তার ছোট ভাই-এর বহিস্কার ও বকেয়া কলেজ ফিসের বিষয়ে আলোচনা করা হয়। আলোচনায় তিনি সন্তুষ্টি প্রকাশ করেন এবং কলেজ ফিস বাবদ ৪,৮২০/- (চার হাজার আটশত বিশ) টাকা পরিশোধ করে সনদ গ্রহণের বিষয়ে সম্মত হন। অভিযোগকারীর এ বিষয়ে সন্তুষ্ট থাকায় অভিযোগটি<br>২৮/০৮/২০২৪ তারিখে নিষ্পত্তি করা হয়। | - | - |

| মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থার নাম | বর্তমান মাসে প্রাপ্ত অভিযোগের সংখ্যা | | মোট (১+২) | বিবেচ্য মাসে নিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা | নিষ্পত্তিকৃত অভিযোগের সংক্ষিপ্ত বিবরণ | অনিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | পত্র/দরখাস্ত যোগে | অনলাইনে | | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ক্রীড়া পরিদপ্তর | - | - | - | - | কোন অভিযোগ নাই | - | - |
| **জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট** | - | - | - | - | - | - | - |
| **বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন** | - | - | - | সরাসরি/অনলাইনে কোন অভিযোগ পাওয়া যায়নি। | - | - | অভিযো[illegible] পাওয়[illegible] যায়নি |